ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ
রাজশাহী বিশ্ববিদ্যালয়

## পোস্ট ডক্টরাল গবেষণা ও ফেলোশিপ সংক্রান্ত নীতিমালা-২০২৩

**১. সংজ্ঞা**

ক) পিএইচডি ডিগ্রি অর্জনের পর রাজশাহী বিশ্ববিদ্যালয়ে নতুন কোন গবেষণা সম্পাদনের লক্ষ্যে কোন গবেষক রাজশাহী বিশ্ববিদ্যালয়ের যে কোন বিভাগে/ইনস্টিটিটে ফেলো হিসেবে ভর্তি হলে তাকে সেই সংশ্লিষ্ট অনুষদ/ইনস্টিটিউটের পোস্ট ডক্টরাল ফেলো হিসেবে অভিহিত হবে।

খ) পোস্ট ডক্টরাল ফেলো সেই বিভাগের/ইনস্টিউটটের কোন প্রফেসরের তত্ত্বাবধানে গবেষণা করবেন তবে গবেষণার প্রয়োজনে একই বিভাগ/ইনস্টিটিউট অথবা এই বিশ্ববিদ্যালয়ের বা অন্য বিশ্ববিদ্যালয়ের অন্য কোন সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউটের যে কোন গবেষক (প্রফেসর সমমান) কে কো-সুপারভাইজার রাখতে পারবেন।

**২. যোগ্যতা**

ক) পিএইচডি ডিগ্রিপ্রাপ্ত দেশি-বিদেশি যে কোন গবেষক উচ্চতর গবেষণার লক্ষ্যে গবেষণার জন্য আবেদন করতে পারবেন।

খ) আবেদনকারীর গবেষণা প্রস্তাব অবশ্যই ইনস্টিটিউটের ও সুপারভাইজারের গবেষণা ক্ষেত্রের সাথে সম্পর্কিত হতে হবে এবং সুপারভাইজারের সম্মতিপ্রাপ্ত হতে হবে।

গ) বিজ্ঞানের বিষয়গুলোর ক্ষেত্রে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন Peer reviewed/Scopus Indexed জার্নালে First Author অথবা Corresponding Author হিসেবে কমপক্ষে ৩ (তিন)টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে। গবেষণা প্রবন্ধগুলো গবেষকের পিএইচডি গবেষণার সাথে সম্পর্কিত হতে হবে। মানবিক ও বাণিজ্য শাখার বিষয়গুলোর ক্ষেত্রে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন Peer reviewed/Scopus Indexed জার্নালে First Author অথবা Corresponding Author হিসেবে কমপক্ষে ২ (দুই)টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে। গবেষণা প্রবন্ধগুলো গবেষকের পিএইচডি গবেষণার সাথে সম্পর্কিত হতে হবে।

ঘ) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক/কর্মকর্তা পোস্ট-ডক্টরাল ফেলো হিসেবে বিবেচিত হতে পারবেন না। তবে কোন শিক্ষক/কর্মকর্তা যদি বিশ্ববিদ্যালয়ের বাইরের কোন উৎস হতে ফেলোশিপ প্রাপ্ত হন সেক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য হবে না।

ঙ) আবেদনকারী যদি কোন প্রতিষ্ঠানে চাকরিরত হন, তাহলে ফেলোশিপ প্রাপ্তির সময়কালীন উক্ত প্রতিষ্ঠান থেকে তার ছুটি অথবা প্রেষণ বাধ্যতামূলক হতে হবে।

চ) আবেদনকারী পিএইচডি করার ৭ (সাত) বছরের মধ্যে পোস্ট ডক্টরাল ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন। বিশ্ববিদ্যালয় বর্হিভূত উৎস থেকে কেউ যদি গবেষণা ফান্ড/ফেলোশিপ প্রাপ্ত হন তবে সেক্ষেত্রে ০৭ (সাত) বছর সময়কাল শর্তটি শিথিলযোগ্য বলে বিবেচিত হবে।

**৩. আর্থিক ও অন্যান্য সুবিধা**

ক) একজন পোস্ট ডক্টরাল ফেলো ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা হারে মাসিক ফেলোশিপ পাবেন। বিদেশী গবেষকের ক্ষেত্রে ৫০০ U$ ডলার প্রদান করা হবে।

খ) বিশ্ববিদ্যালয় অথবা অন্য কোন উৎস থেকে এই খাতে বরাদ্দকৃত অর্থ পোস্ট ডক্টরাল ফেলোকে ইনস্টিটিউট/অনুষদ থেকে প্রদান করা হবে।

গ) যোগ্য প্রার্থী পাওয়া গেলে এবং অর্থ সংস্থান সাপেক্ষে প্রতিবছর বিশ্ববিদ্যালয় ফেলোশিপ প্রদান করবে।

ঘ) পোস্ট ডক্টরাল ফেলোর গবেষণার জন্য তাঁর গবেষণা কক্ষ ও গবেষণাগার ব্যবহারের বিষয়ে ইনস্টিটিউট/বিভাগ ব্যবস্থা গ্রহণ করবে।

ঙ) পোস্ট ডক্টরাল ফেলো গবেষণার ফলাফলের উপর ভিত্তি করে সেমিনার প্রদানের জন্য ইনস্টিটিউট/অনুষদে আবেদন করবেন।

চ) ফেলো ইনস্টিটিউট/বিভাগীয় সেমিনার লাইব্রেরি থেকে বই/জার্নাল ইস্যু করতে ও পড়তে পারবেন। ইন্টারনেট ও ওয়াই-ফাই ব্যবহারের সুবিধা পাবেন।

ছ) ফেলো আবাসন, পরিবহণ, কেন্দ্রীয় লাইব্রেরি এবং চিকিৎসা, প্রয়োজ্য ক্ষেত্রে স্বাস্থ্য বীমার সুবিধাদি বিধি মোতাবেক পাবেন।

**৪. ভর্তি প্রক্রিয়া**

ক) অর্থ সংস্থান সাপেক্ষে প্রতিবছর বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের জন্য একাডেমিক শাখা বছরের প্রারম্ভে একবার পোস্ট ডক্টরাল ফেলোশিপ প্রদানের দরখাস্ত আহ্বান করবে। ইনস্টিটিউটের ক্ষেত্রে তারা একই সময়ে নিজেরা দরখাস্ত আহ্বান করবে।

খ) বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ইনস্টিটিউট/অনুষদ পোস্ট ডক্টরাল ফেলোদের ভর্তির জন্য অভিন্ন আবেদনপত্র ও ভর্তি তৈরি করবে।

গ) আবেদনকারী ভর্তির আবেদন ফরমের সঙ্গে তাঁর গবেষণা প্রস্তাব (Research Proposal), জীবন বৃত্তান্ত (CV), তার পূর্বের কাজের অভিজ্ঞতা, পিএইচডি সার্টিফিকেট সত্যায়িত কপি, সুপারভাইজারের সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত (CV) সংযুক্ত করবেন।

ঘ) পোস্ট ডক্টরাল ফেলোশিপের জন্য আবেদনকারী তাঁর আবেদন সুপারভাইজারের মাধ্যমে ইনস্টিটিউটে/বিভাগে জমা দেবেন। ইনস্টিটিউট আবেদনপত্রগুলো ইনস্টিটিউট কমিটি/বোর্ড অব স্টাডিজ/বোর্ড অব গভর্ণরস সভা করে যোগ্য প্রার্থী নির্বাচন করবে। বিভাগের একাডেমিক কমিটি আবেদনপত্রগুলো যাচাইবাছাই করে যোগ্য প্রার্থীদের সংশ্লিষ্ট অনুষদে প্রেরণ করবেন।

ঙ) প্রত্যেক ইনস্টিটিউট/অনুষদ সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ শিক্ষকদের নিয়ে কমপক্ষে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট পোস্ট-ডক্টরাল ফেলোশিপ মূল্যায়ন কমিটি গঠন করবে এবং এই কমিটি প্রার্থী নির্বাচন চূড়ান্ত করবে।

চ) পোস্ট ডক্টরাল ফেলোশিপ মূল্যায়ন কমিটি দ্বারা প্রার্থী নির্বাচন চূড়ান্ত হলে বিভাগ/অনুষদের ক্ষেত্রে উপাচার্য তাকে চূড়ান্তভাবে মনোনয়ন ও নিয়োগ প্রদান করবেন। তবে ইনস্টিটিউটের ক্ষেত্রে পরিচালক চূড়ান্তভাবে মনোনয়ন ও নিয়োগ প্রদান করবেন।

**৫. মেয়াদ**

পোস্ট ডক্টরাল গবেষণার মেয়াদ হবে ০৬ মাস থেকে ১২ মাস। গবেষণা কার্যের অথবা ইনস্টিটিউটের প্রয়োজনে এই মেয়াদ সর্বোচ্চ ০১ (এক) বছর পর্যন্ত বৃদ্ধি করা যেতে পারে। এক্ষেত্রে মেয়াদ পূর্তির পূর্বেই তাঁকে আবেদন করতে হবে।

**৬. পদমর্যাদা**

পোস্ট ডক্টরাল ফেলো ইনস্টিটিউটে/বিভাগের সহযোগী ফ্যাকল্টি হিসেবে গণ্য হবেন। ইনস্টিটিউট/বিভাগের একাডেমিক কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজন অনুযায়ী পোস্ট ডক্টরাল ফেলো ক্লাশ ও ক্লাশ পরীক্ষা নিতে পারবেন। তবে তিনি ইনস্টিটিউট/বিভাগের কোন নির্বাহী কমিটি বা বোর্ড, যেমন- ইনস্টিটিউটের বোর্ড অব স্টাডিজ/বোর্ড অব গভর্ণরস/বিভাগীয় একাডেমিক কমিটি, পরিকল্পনা কমিটি ইত্যাদির সদস্য হতে পারবেন না।

**৭. কর্মপরিধি**

ক) একজন পোস্ট ডক্টরাল ফেলোর প্রধান কাজ হবে নির্ধারত সময়ের মধ্যে প্রস্তাবিত গবেষণাকর্ম সম্পন্ন করা। ফেলো ০৬ (ছয়) মাসে গবেষণা ফলাফলের উপর ভিত্তি করে ০১ (এক)টি সেমিনার প্রদান করবেন।

খ) মেয়াদ শেষে ইনস্টিটিউট/বিভাগ ত্যাগ করার পূর্বে ফেলো তাঁর গবেষণাপত্রের ০১ (একটি) সফট কপি এবং ০৩ (তিন)টি হার্ড কপি নিজ নিজ সুপারভাইজারের মাধ্যমে ইনস্টিটিউট/বিভাগে জমা দিবেন। ইনস্টিটিউটের পরিচালক ফেলোর গবেষণাপত্র ইনস্টিটিউটের বোর্ড অব স্টাডিজ/বোর্ড অব গভর্ণরস কমিটিতে প্রেরণ করবেন/বিভাগের সভাপতি একাডেমিক কমিটির সুপারিশসহ ফেলোর গবেষণাপত্র অনুষদের প্রেরণ করবেন।

**৮. বাধ্যবাধকতা**

ক) পোস্ট ডক্টরাল ফেলো তাঁর গবেষণাপত্রটি গ্রন্থ আকারে প্রকাশের উপযোগী করে বাংলা/ইংরেজি ভাষায় প্রস্তুত করবেন।

খ) ইনস্টিটিউট/বিভাগে গবেষণাকালীন কোন পোস্ট ডক্টরাল ফেলো সংশ্লিষ্ট সুপারভাইজারের অনুমতি ব্যতিত অন্য কোন প্রতিষ্ঠানের সঙ্গে কোন ধরনের কর্মকাণ্ডে জড়িত হতে পারবেন না।

গ) পোস্ট ডক্টরাল ফেলো হিসেবে যোগদানের পর গবেষণা কার্যক্রম সম্পন্ন করে রিপোর্ট জমাদানের পূর্বে একজন ফেলো কোনক্রমেই ফেলোশিপ ত্যাগ করতে পারবেন না। ব্যত্যয় ঘটলে ফেলোশিপের জন্য গৃহিত অর্থাদি ফেরত দিতে হবে।

ঘ) কোন পোস্ট ডক্টরাল ফেলো তাঁর গবেষণার বিষয়ে অন্য কোন প্রতিষ্ঠান থেকে প্রবন্ধ পাঠ অথবা বক্তৃতাদানের আহ্বান পেলে, সংশ্লিষ্ট সুপারভাইজারের অনুমতি ও প্রয়োজনীয় ছুটি গ্রহণ করে সেমিনারে যোগদান করতে পারবেন।

ঙ) পোস্ট ডক্টরাল ফেলো তাঁর গবেষণাকর্ম জমা দেবার সময় প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক ছাড়পত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে জমা দিবেন।

চ) পোস্ট ডক্টরাল ফেলোর সময়কাল ০১ (এক) বছরের অধিক হলে গবেষককে গবেষণার সময়কালে Peer Reviewed/Scopus Indexed জার্নালে ০১ (একটি) গবেষণা প্রবন্ধ প্রকাশ করতে হবে।

ছ) গবেষককে এই মর্মে প্রত্যয়ন করতে হবে যে, তাঁর গবেষণাকর্মটি পূর্বে কোন ডিগ্রি অর্জন বা অন্য উদ্দেশ্যে পূর্ণ অথবা আংশিকরূপে ব্যবহার করা হয়নি।

জ) পোস্ট ডক্টরাল ফেলো যে প্রতিষ্ঠান থেকে ফেলোশিপ প্রাপ্ত হবেন সেই প্রতিষ্ঠানে শর্তাবলী মেনে চলতে হবে।

ঝ) পোস্ট ডক্টরাল ফেলো ভর্তির পর ৩০০/- (তিনশত) টাকা মুল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি চুক্তিপত্র সম্পাদন করবেন।

**৯. ছুটি**

ক) পোস্ট ডক্টরাল ফেলো সংশ্লিষ্ট সুপারভাইজারের অনুমোদন সাপেক্ষে ছুটি ভোগ করতে পারবেন।

খ) গবেষণার স্বার্থে পোস্ট ডক্টরাল ফেলো সংশ্লিষ্ট সুপারভাইজারের অনুমোদন সাপেক্ষে দেশে ও বিদেশে ভ্রমণ করতে পারবেন। গবেষকের এই ভ্রমণ কর্তব্য ছুটি হিসেবে গণ্য হবে। এরূপ ভ্রমণের জন্য রাজশাহী বিশ্ববিদ্যালয় কোন আর্থিক সহায়তা প্রদান করবে না।

**১০. অন্যান্য**

ক) এই নীতিমালার বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে কোন বিরোধ দেখা দিলে বাংলা ভাষায় রচিত পাঠটি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

খ) এই নীতিমালা সিন্ডিকেট দ্বারা অনুমোদনের তারিখ থেকে কার্যকর হবে।

গ) রাজশাহী বিশ্ববিদ্যালয় এই নীতিমালার প্রয়োজনীয় সংযোজন, বিয়োজন ও সংশোধন করতে পারবে।

ঘ) যে উৎস থেকেই ফেলোশিপ প্রদান করা হোক না কেন রাজশাহী বিশ্ববিদ্যালয় গবেষণাকর্মটির মেধাস্বত্তার (Copy right) অধিকারী হবে।

বি.দ্র. এই পোস্ট ডক্টরাল গবেষণা ও ফেলোশিপ নীতিমালা ২০২৩ সিন্ডিকেট সভায় অনুমোদনের তারিখ থেকে কার্যকর হবে এবং এতদসংক্রান্ত পূর্বের নীতিমালা রহিত বলে বিবেচিত হবে।